**বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রী কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) এর টিউশন ফি নীতিমালা-২০২৪ এর আলোকে মাসিক বেতন/টিউশন ফি নির্ধারণ সংক্রান্ত মহানগর কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : দেবজিৎ সিংহ
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট

সভার স্থান : বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সভা কক্ষ

তারিখ : ১১ ডিসেম্বর ২০২৪

সময় : সকাল ১১:০০ টা

উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গত ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার অনুবৃত্তিক্রমে পরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট ও সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাসিক বেতন/টিউশন ফি নির্ধারণ সংক্রান্ত মহানগর কমিটি, সিলেট মহানগর এলাকার জন্য টিউশন ফি এর খসড়া প্রস্তাব উপস্থাপন করেন। উপস্থাপিত খসড়া প্রস্তাবের উপর সভাপতি ও সদস্যগণ তাদের মতামত প্রদান করেন।

শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত (এমপিওভুক্ত স্কুলের প্রধান শিক্ষক) সদস্য, কাজী জালাল উদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বলেন, বর্তমানে দ্রব্য মুল্যের উর্ধ্বগতির কারণে এমপিওভুক্ত বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীগণের পক্ষে তাদের মাসিক বেতন দিয়ে পরিবার-পরিজন নিয়ে সংসার চালানো কষ্টসাধ্য হয়ে পড়েছে। তাছাড়া অতিরিক্ত শ্রেণি শাখার অনুমোদন প্রাপ্তির জটিলতার কারণে যে সকল বিদ্যালয়ে অধিক সংখ্যক শিক্ষার্থী রয়েছে, সে সকল বিদ্যালয়ে পাঠদান পরিচালনার জন্য নিয়োজিত অতিরিক্ত খন্ডকালীন শিক্ষকের বেতন-ভাতা শিক্ষার্থীদের মাসিক বেতন/টিউশন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে প্রদান করা হয়। তাই এমপিওভুক্ত বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের বিদ্যালয় প্রদত্ত আর্থিক সুবিধা কিছুটা বৃদ্ধি করার লক্ষ্যে বিদ্যমান মাসিক বেতন/টিউশন ফি বৃদ্ধি করা প্রয়োজন।

শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত (নন-এমপিও স্কুলের প্রধান শিক্ষক) সদস্য,উদয়ন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বলেন, এমপিও বিহীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরকার প্রদত্ত কোন আর্থিক সুবিধা পায় না। এ সকল প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদিসহ অন্যান্য প্রাতিষ্ঠানিক খরচ সম্পূর্ণরূপে শিক্ষার্থীদের মাসিক বেতন/টিউশন ফি'র উপর নির্ভরশীল। বর্তমানে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি এবং জীবন যাত্রার ব্যয় বৃদ্ধির কারণে বিদ্যমান টিউশন ফি হতে আদায়কৃত অর্থ দিয়ে বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদানসহ প্রতিষ্ঠানের সামগ্রিক ব্যয় নির্বাহ করা খুবই দুরূহ ব্যাপার।

শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত (নন-এমপিও কলেজের অধ্যক্ষ) সদস্য, জালালাবাদ কলেজের অধ্যক্ষ বলেন, বেসরকারী কলেজ সমূহ ব্যক্তি উদ্যোগে প্রতিষ্ঠিত হওয়ায় এমপিওভুক্ত না হওয়া পর্যন্ত সরকারি কোন আর্থিক সুযোগ-সুবিধা পায় না। ফলে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদিসহ ব্যবস্থাপনা ও পরিচালনা ব্যয় এমনকি অনেক ক্ষেত্রে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের জন্য শিক্ষার্থীদের মাসিক বেতন/টিউশন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে নির্বাহ করা হয়। তাছাড়া বর্তমানে দ্রব্যমূল্যের ক্রমবর্ধমান উর্ধ্বগতি এবং জীবনযাত্রার ব্যয় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায় বিদ্যমান মাসিক বেতন/টিউশন ফি বৃদ্ধি করা খুবই প্রয়োজন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিলেট সদর বলেন, বিশেষায়িত বা সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অধিকাংশ প্রতিষ্ঠানের বিদ্যমান মাসিক বেতন/টিউশন ফি সহনীয় পর্যায়ে রয়েছে। অভিভাবকদের আর্থ-সামাজিক অবস্থা এবং দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির বিষয়সমূহ বিবেচনা সাপেক্ষে বিদ্যমান মাসিক বেতন/টিউশন ফি যৌক্তিক হারে নির্ধারণ করা যেতে পারে।

অতঃপর পরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল কর্তৃক উপস্থাপিত খসড়া প্রস্তাবের উপর ব্যাপক আলোচনা করা হয় এবং সিলেট মহানগরের জন্য মাসিক সর্বোচ্চ বেতন/টিউশন ফি নিম্নবর্ণিত হারে নির্ধারণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত: ১.১। শিক্ষা প্রতিষ্ঠানের মাসিক বেতন/টিউশন ফির জন্য ছক (এমপিও প্রতিষ্ঠান) ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণি

| ক্রম | খাতের নাম | শ্রেণি ওয়ারী মাসিক বেতন/টিউশন ফি (টাকা) সর্বোচ্চ হার | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | টিউশন ফি/মাসিক বেতন | ৮০০/- | ৮০০/- | ৮০০/- | ৮০০/- | ৮০০/- | ১০০০/- | ১০০০/- |

**সিদ্ধান্ত:** ১.২। শিক্ষা প্রতিষ্ঠানের মাসিক বেতন/টিউশন ফির জন্য ছক-(নন-এমপিও প্রতিষ্ঠান) ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণি

| ক্রম | খাতের নাম | শ্রেণি ওয়ারী মাসিক বেতন/টিউশন ফি (টাকা) সর্বোচ্চ হার | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ |
| ০১ | টিউশন ফি/মাসিক বেতন | ১০০০/- | ১০০০/- | ১০০০/- | ১২০০/- | ১২০০/- | ১৭০০/- | ১৭০০/ |

**সিদ্ধান্ত:** ২। প্রতিষ্ঠানের মাসিক বেতন/টিউশন ফি স্থানীয় আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় নির্ধারণ করতে হবে। **যেসব প্রতিষ্ঠানের মাসিক বেতন/টিউশন ফি সর্বোচ্চ সিলিংয়ে রয়েছে তাদের মাসিক বেতন/টিউশন ফি বৃদ্ধির সুযোগ নেই।**

**সিদ্ধান্ত:** ৩। **প্রতিষ্ঠানের বিদ্যমান মাসিক বেতন/টিউশন ফি ১০% এর অধিক বৃদ্ধি করা যাবে না।** ১০% এর অধিক বৃদ্ধি করতে হলে মহানগর কমিটির অনুমোদন নিতে হবে।যদি মহানগর কমিটির অনুমোদন ব্যতীত মাসিক বেতন/টিউশন ফি বৃদ্ধি করে, তাহলে কমিটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের অনুরোধ করবে।

**সিদ্ধান্ত:** ৪। যেসকল শিক্ষা প্রতিষ্ঠান বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে দাবী করেন তাদেরকে এর স্বপক্ষে সংশ্লিষ্ট প্রমাণক দাখিল করতে হবে এবং যৌক্তিকতা কারণ ব্যাখ্যা করে বিদ্যমান মাসিক বেতন/টিউশন ফি নেয়ার জন্য মহানগর কমিটির অনুমোদন নিতে হবে।

**সিদ্ধান্ত:** ৫। যেসকল শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ সুবিধা যেমন আবাসন, পরিবহন সুবিধা, ক্যান্টিন সুবিধা ইত্যাদি প্রদান করে, তাদেরকে বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করা যাবে।

**সিদ্ধান্ত:** ৬। মাসিক বেতন/টিউশন ফি ব্যতিত অন্যান্য ফি (যেমন-সেশন ফি, অভ্যন্তরীন পরীক্ষা ফি, টিফিন, ক্রীড়া, সাংস্কৃতিক ফি ইত্যাদি আদায়ের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ২৭/১০/২০২৪ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭২.২২.০০৩.২৩. ২২৪ নং স্মারকের নীতিমালার তফসিল "ক", "খ", "গ", "ঘ" অনুসরণ করতে হবে।

**সিদ্ধান্ত:** ৭। শিক্ষা প্রতিষ্ঠানের যাবতীয় আয় ও ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণকল্পে শিক্ষা মন্ত্রণালয়ের "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিসংক্রান্ত নীতিমালা-২০২৩" যথাযথভাবে অনুসরণ করতে হবে।

পরিশেষে সভাপতি সেশন ফি ও মাসিক বেতন/টিউশন ফি আদায়ের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নীতিমালা ও মহানগর কমিটি কর্তৃক নির্ধারিত হারে মাসিক বেতন/টিউশন ফি আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.১২.২০২৪

**(দেবজিৎ সিংহ)**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
ও
সভাপতি
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাসিক
বেতন/টিউশন ফি নির্ধারণ সংক্রান্ত
মহানগর কমিটি, সিলেট

স্মারকনং- ৩৭.০২.০০০০.০০০.৯৯.০০৩.২১.১৯৪২

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ / ১১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারকনং- ৩৭.০২.০০০০.০০০.৯৯.০০৩.২১.১৯৪২

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসক এর প্রতিনিধি।
২.আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল,সিলেট।
৩.জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট।
৪.উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সিলেট সদর)।
৫.অধ্যক্ষ, নুরজাহান মেমোরিয়াল মহিলা কলেজ, দক্ষিন সুরমা, সিলেট।
৬.অধ্যক্ষ, জালালাবাদ কলেজ,সোবহানীঘাট,সিলেট।
৭.প্রধান শিক্ষক, কাজী জালাল উদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়, কাজিটুলা,সিলেট।
০৮.প্রধান শিক্ষক, উদয়ন উচ্চ বিদ্যালয়, নয়াবাজার, আখালিয়া, সিলেট।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। বিভাগীয় কমিশনার, সিলেট।
২। সংরক্ষণ নথি।

১১.১২.২৪

(মোঃ নুর-এ-আলম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
সিলেট অঞ্চল, সিলেট।
ও
সদস্য সচিব
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাসিক বেতন/টিউশন ফি নির্ধারণ
সংক্রান্ত
মহানগর কমিটি, সিলেট